

মুক-বধির কিশোরীকে ধর্ষণ

স্টাফ রিপোর্টার মুক ও বধির এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে পথ অবরোধ করলেন স্থানীয় বাসিন্দারা। সোমবার ঘটনাটি ঘটেছে পানিহাটির স্বদেশি মোড় এলাকায়। স্থানীয়রা জানিয়েছেন, সোমবার সকালে গোকুল সিং খাটালে দুধ আনতে গিয়েছিল ওই কিশোরী। খাটালের পাশেই একটি বহুতল নির্মাণের কাজ চলছে। অভিযোগ, ওই সময় কিশোরীকে একা পেয়ে নির্মীয়মাণ বহুতলের ভিতর নিয়ে গিয়ে দুই রাজমিস্ত্রি ধর্ষণ করে। ওই সময় স্থানীয় যুবক নীতেশ পণ্ডিত বিষয়টি দেখতে পেয়ে ওই রাজমিস্ত্রিদের চড় মারে। এর পরই অভিযুক্তরা এলাকা ছেড়ে পালিয়ে যায়। কিন্তু অভিযোগ, এদিন বিকলে নীতেশকেই খড়দহ থানার পুলিশ আটক করে। এই ঘটনা জানাজানি হতেই স্থানীয়রা ক্ষুব্ধ হয়ে ওঠেন। এরপর তাঁরা বিটি রোড স্বদেশি মোড় অবরোধ করেন। সন্ধ্যা ছাড়ে ছটা থেকে সাড়ে সাতটা অবধি চলে এই অবরোধ। পুলিশ নীতেশকে ছেড়ে দেয়। স্থানীয়দের অভিযোগ, নীতেশ বিজেপি সমর্থক। দীর্ঘদিন ধরেই স্থানীয় যুবক চন্দনের সঙ্গে তাঁর গোলমাল রয়েছে। এদিন চন্দনের অভিযোগের ভিত্তিতেই নির্দেশ নীতেশকে পুলিশ আটক করে। এরপরই বিষয়টি রাজনৈতিক দিকে মোড় নেয়। স্থানীয় তৃণমূলের অভিযোগ, আসল দোষীদের আড়াল করার চেষ্টা করছে বিজেপি। তাই ওরা পথ অবরোধ করেছিল। যদিও এদিন নীতেশকে আটক করে বন্দির কথা অস্বীকার করেছে পুলিশ। তদন্তকারীরা জানিয়েছেন, ওই ঘটনার প্রত্যক্ষদর্শী নীতেশ। তাই তাঁকে থানায় ঢেকে বিজ্ঞাপন করা হয়েছে। আটক করা হয়নি।